Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Eduard Heger, Prime Minister of the Slovak Republic

February 28, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং স্লোভাক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী মিঃ এডুয়ার্ড হেগারের মধ্যে টেলিফোনে বার্তালাপ

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ (২৮শে ফেব্রু-মারি) স্লোভাক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী মিঃ এড়ুয়ার্ড হেগারের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

ইউক্রেল থেকে ভারতীয় নাগরিকদের দেশে ফিরিয়ে আনা এবং বিশেষ উদ্ধারকারী ভারতীয় বিমানকে অনুমতি দেওয়ার ক্ষেত্রে স্লোভাক প্রজাতন্ত্রের সহায়তার জন্য মিঃ এডুয়ার্ড হেগারকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। ভারত যাতে তার অন্য নাগরিকদের সংঘাতপূর্ণ এলাকা থেকে সরিয়ে নিয়ে যেতে পারে, তার জন্য আগামী কয়েকদিন স্লোভাক প্রজাতন্ত্রকে সাহায্যের অনুরোধ করেছিলেন তিনি।

ভারতীয় নাগরিকদের দেশে ফিরিয়ে নিয়ে আসার বিষয়ে তদারিক করার জন্য কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী শ্রী কিরেণ রিজিজু'কে তাঁর বিশেষ দূত হিসাবে নিযুক্ত করা হয়েছে বলেও মিঃ হেগার'কে জানিয়েছেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী ইউক্রেনে বর্তমানে হিংসা এবং মানবিক সঙ্কট পরিস্থিতির জন্য দুঃথ প্রকাশ করেছেন। সংঘর্ষ বন্ধ করে আলাপ–আলোচনায় বসার জন্য ভারতের নিরন্তর আবেদনের কথা পুনরায় জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অথন্ডতাকে সম্মান করার গুরুত্বের উপর জোর দিয়েছেন।

নতুন দিল্লী,

28 ফেব্রুয়ারি, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.